# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ আমরা যে তাকবীরের বিবরণ দিলাম তার চেয়ে বেশি তাকবীর দেওয়াও বৈধ

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَزِيدَ فِي التَّكْبِيرَاتِ عَلَى الْجَنَائِزِ عَلَى مَا وَصَفْنَا

আরবী

3058 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ قَالَ: سَمِعْتُ ابْنُ أَبِي لَيْلَى قَالَ: كَانَ زَيْدُ بْنُ أَرْقَمَ يُكَبِّرُ عَلَى جَنَائِزِنَا أَرْبَعًا ثُمَّ يُكَبِّرُ خَمْسًا فَسَأَلْنَاهُ عَنْ ذَلِكَ فَقَالَ: كبَّرها ـ أَوْ كبَّرَهُنَّ ـ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم.

الراوي : ابْنُ أَبِي لَيْلَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3058 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (142): م.

বাংলা

৩০৫৮. ইবনু আবী লাইলাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের জানাযায় চার তাকবীর দিতেন। তারপর তিনি পাঁচ তাকবীর দেন। তখন আমরা তাকে এই সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি জবাবে বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরকম তাকবীর দিয়েছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৬৭; সহীহ মুসলিম: ৯৫৭; আবূ দাউদ: ৩১৯৭; তিরমিযী: ১০২৩; ইবনু মাজাহ: ১৫০৫; আত তায়ালিসী: ৬৭৪; তাহাবী: ১/৪৯৩; সুনান বাইহাকী: ৪/৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩০২-৩০৩; দারাকুতনী: ২/৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ লাইলা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন